ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৪২১

খোয়াই, ১৯ আগস্ট,২০২৫

**খোয়াইয়ে যথাযোগ্য মর্যাদায় মহারাজা বীরবিক্রম কিশোর মাণিক্য বাহাদুরের জন্মজয়ন্তী উদযাপন**

খোয়াই জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের উদ্যোগে এবং খোয়াই কালচারেল সেলের সহযোগিতায় আজ খোয়াই পুরাতন টাউনহলে জেলাভিত্তিক মহারাজা বীরবিক্রম কিশোর মাণিক্য বাহাদুর দেববর্মণের ১১৭তম জন্মজয়ন্তী উদযাপন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করে বিধায়ক পিনাকী দাস চৌধুরী বলেন, মহারাজা বীরবিক্রম কিশোর মাণিক্য ছিলেন আধুনিক ত্রিপুরার রূপকার। রাজ্যের শিক্ষা, রাস্তাঘাট, পঞ্চায়েত ব্যবস্থা ইত্যাদির উন্নয়নে তার বিশেষ অবদান ছিল। জাতি ও জনজাতি অংশের মানুষের কল্যাণে তিনি নানা উদ্যোগ গ্রহণ করেছিলেন। মহারাজার চিন্তা, ভাবনা ও আদর্শকে বর্তমান প্রজন্মের কাছে বেশি করে তুলে ধরতে হবে। অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন প্রাক্তন জিলা সভাধিপতি জয়দেব দেববর্মা, বিশিষ্ট সমাজসেবী বিনয় দেববর্মা প্রমুখ। এছাড়াও উপস্থিত ছিলেন খোয়াই জিলা পরিষদের সভাধিপতি অপর্ণা সিংহ রায় দত্ত, খোয়াই জিলা পরিষদের সদস্য অনুকূল দাস, খোয়াই পুরপরিষদের চেয়ারপার্সন দেবাশিস নাথ শর্মা, জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের যুগ্ম অধিকর্তা দিলীপ কুমার দেববর্মা। অনুষ্ঠান শুরুর পূর্বে অতিথিগণ মহারাজার প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জানান। অনুষ্ঠানে স্থানীয় শিল্পীরা মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন। এছাড়াও অনুষ্ঠানে ক্যুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়।

*****